

এইচএফটির ভারুয়াল সভা

সংবাদ প্রতিনিধি

আগরতলা, ১২ এপ্রিল : হেপাটাইটিস ফাউণ্ডেশন অব ত্রিপুরার উদ্যোগে আজ স্বাস্থ্য সচেতনতা বিষয়ক এক ভারুয়াল সভা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে যুক্ত ছিলেন ফাউণ্ডেশনের সমগ্র রাজ্যের সদস্যগণ ছাড়াও দেশ বিদেশের অনেকে। ভারুয়াল সভায় ফ্যাটি লিভার নিয়ে আলোচনা করেছেন প্রফেসর ডা. অভীক চক্রবর্তী, কোভিড টিকাকরণ নিয়ে আলোচনা করেছেন প্রফেসর ডা. প্রদীপ ভৌমিক ও শিরাপথে ড্রাগ গ্রহণের কুফল নিয়ে আলোচনা

করেছেন নার্সিং ফ্যাকাল্টি শ্রীমতী দেবী চক্রবর্তী।

সার্বিক স্বাস্থ্য সচেতনতার গুরুত্ব নিয়ে আলোচনা করেছেন বিশিষ্ট শিশু রোগ বিশেষজ্ঞ তথা ফাউণ্ডেশনের সভাপতি ডা. এন এল ভৌমিক। এছাড়াও আলোচনায় অংশগ্রহণ করেছেন তিমির চক্রবর্তী, সত্যজিৎ ঘোষ প্রমুখ। প্রফেসর ডা. প্রদীপ ভৌমিক আলোচনায় রাজ্যবাসীর প্রতি অনুরোধ জানিয়েছেন, প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর আহ্বানে সাড়া দিয়ে ৪৫ উর্ধ্ব সকলে কোভিড টিকা গ্রহণ করতে। সে সঙ্গে মাস্ক ব্যবহার করতে ও সামাজিক দূরত্ব বজায় রাখতে।